গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- ৫৬১ তারিখঃ ১১-০৮-২০১৬

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬-৭-২০১৬ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুন/২০১৬ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জুলাই, ২০১৬ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামী ১৮-০৮-২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৮ (আট) পাতা।


(মোঃ আব্দুর রশিদ)
উপ-পরিচালক (পিপি)(অঃ দাঃ)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক (বাজার তথ্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৪। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৫। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল বিভাগ।
০৬। উপ পরিচালক (শগঋপ), কৃ ষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৮। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৯। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
১০। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। ফেকাল পয়েন্ট কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৬-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুন/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ১২.০০ ঘটিকা।
তারিখ : ২৬ জুলাই, ২০১৬ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৯-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৯-৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত মে, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৯-০৬-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৯-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৯-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত মে, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-পরিচালক (পিপি) সভাকে অবহিত করেন যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভুক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্তির কার্যক্রম অব্যাহত আছে এবং ইতোপূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটিকে সংশ্লিষ্ট প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদানের জন্য জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীগণকে পুনরায় পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি। খুলনা এবং রংপুর জেলায় নির্মিত অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, খুলনা ও রংপুর এবং জেলা বাজার কর্মকর্তার কার্যালয়, খুলনা ও রংপুর এর সংশ্লিষ্ট খাতে বরাদ্দ এবং প্রশিক্ষণ সেন্টার ব্যবহারের আয় থেকে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে জানানো হয়। অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ পুনঃনির্ধারণ বিষয়ক পরিপত্র ইতোমধ্যে প্রশাসন শাখা থেকে জারী করা হয়েছে।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যাংক ঋণ

অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারে ০১টি নতুন শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানের শপথ গ্রহণের পর শস্যগুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করা হবে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে যাবতীয় কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি করায় ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হবে। ইতোমধ্যে প্রাথমিকভাবে কিছু কাজ সম্পন্ন করা হয়েছে। নির্মিত এসেম্বল সেন্টারে মহিলাদের জন্য একটি কর্ণার নির্ধারণ করা হয়েছে এবং শস্য গুদামের গুদাম পরিচালনা কমিটিতে স্থানীয় শগখ্বক মাঠ কর্মকর্তাকে অর্ন্তভূক্ত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বিদ্যমান অর্থ বছরে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ মোটামুটিভাবে শেষ পর্যায়ে। অনিষ্পন্ন কাজ দ্রুত শেষ করার জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গোপালগঞ্জকে তাগিদপত্র দেয়া হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ শুরু হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে নির্মাণযোগ্য ২টি এসেম্বল সেন্টারের জন্য স্থান নির্বাচন চূড়ান্ত হয়েছে এবং MOU স্বাক্ষরের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, মৌলভী বাজার, সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলার এসেম্বল সেন্টারের জন্য প্রাপ্ত জমির বিষয়ে স্থানীয় প্রশাসনের সাথে MOU স্বাক্ষর এর বিষয়টি প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যে প্রধান প্রকৌশলী পিডব্লিউডি বরাবর অবকাঠামো নির্মাণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। পিডব্লিউডি কর্তৃক ডিজিটাল সার্ভে সম্পন্ন করা হয়েছে এবং স্থাপত্য অধিদপ্তর কর্তৃক স্থাপত্য নকশা প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহের বিপণন সেবা জোরদারকরণ বিষয়ে উপ-পরিচালক এর পক্ষে সহকারী পরিচালক, রাজশাহী বিভাগ সভাকে জানান যে, সমাপ্ত কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত আছে। ইতোমধ্যে একাধিক মার্কেট চালু হয়েছে। অবশিষ্ট মার্কেটসমূহ চালু হবে বলে আশা করা যাচ্ছে। বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে পেশ করার কার্যক্রম অব্যাহত আছে।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভায় জানান যে, যে সব জমিতে আলুর মডেল ঘর ইতোমধ্যে তৈরী করা হয়েছে এবং ভবিষ্যতে তৈরী করা হবে সেই সব জায়গার মালিকের সাথে MOU কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে কর্মসূচী এলাকায় অবস্থিত সকল কর্মকর্তাকে কৃষক বিপণন দল গঠনের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের ১ম কিস্তির অর্থ প্রাপ্তি স্বাপেক্ষে টেন্ডারের মাধ্যমে প্রতিটি মডেল ঘরের সামনে প্রদর্শনী বোর্ড তৈরীপূর্বক স্থাপন করা হবে। ৩১/০৮/২০১৬ ইং তারিখের মধ্যে আলুর ঘর ব্যবহারের খসড়া নীতিমালা ও নির্দেশিকা প্রস্তুত করে সদর দপ্তরে পাঠানো হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

৩। **আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে আরএডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৫৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ৩টি প্রকল্পের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৫৫০.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে জুন/২০১৬ পর্যন্ত সর্বমোট ৫৪৩.৯৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.৯০%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" এর আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে ১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ কিস্তি বাবদ ১৮.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে জুন/২০১৬ পর্যন্ত সর্বমোট ১৭.৫৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.০০%।

**৩ .২ ২০১৫-২০১৬ অর্থ বছরের আরএডিপিতে** সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপজেলা গুলোকে অর্ন্তভূক্ত এবং ইতোপূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটি দিয়ে দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন তৈরী পূর্বক অধিদপ্তর বরাবর পেশ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ বিভাগীয় সমন্বয় সভায় ডিএমও ও ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান করবেন। খুলনা ট্রেনিং সেন্টারে গাড়ীর গ্যারেজ স্থাপনের জন্য প্রস্তাবিত ব্যয় প্রাক্কলন অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক নতুন ও পুরাতন ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বর্ষা মৌসুমে বাগান করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায় সংশোধিত নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের ক্ষেত্রে মন্ত্রণালয়ের গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপজেলা গুলোকে অর্ন্তভূক্ত করে এবং ইতোপূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটি কর্তৃক দ্রুত সময়ের মধ্যে প্রতিবেদন পেশ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করার জন্য গঠিত কমিটি |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ বিভাগীয় সমন্বয় সভায় ডিএমও/ ডিএমআইগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| **৩.২.৩** | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক নতুন ও পুরাতন ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বর্ষা মৌসুমে বাগান করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| **৩.২.৪** | সংশোধিত নির্দেশিকা অনুযায়ী অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮২.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৮২.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং ছাড়কৃত অর্থের মধ্যে জুন,২০১৬ পর্যন্ত ৮১.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.১৫%। উপ-প্রকল্প পরিচালক (এমআইএডিপি) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত গ্রুপ গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। কার্যক্রম চালু করাসহ ব্যাংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি জোর তাগিদ প্রদান করেন। প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি করায় ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপ-প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। শস্যগুদামের মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন হলে দ্রুত স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। শস্য গুদামের গুদাম পরিচালনা কমিটিতে শগঋকের স্থানীয় মাঠ কর্মকর্তাকে অর্ন্তভুক্ত ও মনিটরিং করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৩.১ | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক বিপণন দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.২ | মেরামত ও সংস্কারকৃত শস্যগুদামের উদ্ধোধন কার্যক্রম স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে দিয়ে সম্পন্ন করার মাধ্যমে শস্য গুদাম ঋণ কার্যক্রম শুরু করতে হবে এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৩ | স্ট্রিয়ারীং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি করায় ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম শুরু করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৪ | প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি'র জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্থায়ীভাবে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৫ | আগামী ৩০ আগষ্টের মধ্যে মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৮৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৩৮৩.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। জুন,২০১৬ পর্যন্ত ৩৭৭.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৮.৬৩%। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি ত্বরান্বিত করার জন্য এবং বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক বিপণন দল গঠন, গুদাম উপদেষ্টা কমিটি গঠন ও ব্যাংক ঋনের বিষয়ে গ্রুপ এর সাথে স্থানীয় ব্যাংক এর লিংকেজ স্থাপনের জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রকল্প পরিচালককে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ২০১৬-১৭ অর্থবছরে

নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে MOU স্বাক্ষরসহ সকল ধরনের প্রাথমিক কাজ চূড়ান্ত করার লক্ষ্যে এলজিইডি'র ও স্থানীয় প্রশাসনের সাথে ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ পূর্বক দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ দ্রুত শুরু করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। নতুন শস্যগুদাম চালুকরণের নিমিত্ত যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করে স্থানীয় চেয়ারম্যানকে দিয়ে শস্য গুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করার জন্য সভাপতি পুনরায় পরামর্শ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.২ | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে ভান্ডারিয়া ও নাজিরপুরে সাইট সিলেক্ট করে আগষ্ট/২০১৬ মাসের মধ্যে MOU স্বাক্ষর করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৪ | ৩০শে আগষ্ট,২০১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৫ | দ্রুত পিএমসি সভার আয়োজন করে আরডিপিপি অনুযায়ী অব্যয়িত টাকা সম্পর্কে আলোচনা করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৫: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ৮৫.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। জুন, ২০১৬ পর্যন্ত ৮৪.৮৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৯.৮৬%। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে জায়গা বরাদ্দ পাওয়ায় এতদ্সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি এসেম্বল সেন্টার নির্মাণের জন্য জায়গা চুড়ান্তকরণের লক্ষ্যে মৌলভীবাজার ও সুনামগঞ্জের স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুত সময়ের মধ্যে MOU স্বাক্ষরের বিষয়ে প্রকল্প পরিচালককে পুনরায় অনুরোধ জানান। এছাড়া সিলেট জেলায় অফিস কাম ট্রেনিং এন্ড প্রসেসিং সেন্টার নির্মাণের জন্য পিডব্লিউডি কে পত্র ও ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে প্রকল্প পরিচালকে পরামর্শ প্রদান করা হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুততম সময়ের মধ্যে MOU স্বাক্ষরের পদক্ষেপ নিতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.২ | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে প্রাপ্ত জায়গার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

| | | |
|---|---|---|
| ৩.৫.৩ | ৩০ আগষ্ট/১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৪ | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী কার্যক্রম দ্রুত সম্পন্ন করার কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** আংশিক চালু ০৬টি এনসিডিপি'র মার্কেট পূর্ণাঙ্গভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করনীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে পেশ করার জন্য সভায় পুনরায় নির্দেশানা প্রদান করা হয়। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারনের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া মাহিগঞ্জের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপন করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| ৩.৬.২ | বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করণীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে পেশ করাতে হবে। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারণ করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী |
| ৩.৬.৩ | আংশিক চালু ০৬টি এনসিডিপি'র মার্কেট পূর্ণাঙ্গভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহণ এবং বন্ধ মার্কেট এর বিষয় কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। এছাড়া মাহিগঞ্জের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী "** বিষয়ে কর্মসূচী পরিচালক সভায় অবহিত করেন যে, কর্মসূচীর মোট বরাদ্দ ১৮.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ,৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ১৮.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে। জুন, ২০১৬ পর্যন্ত ১৭.৫৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৯৮.০০%। নির্বাচিত ১০ টি উপ-জেলায় ১০টি আলুর মডেল ঘর তৈরীর জায়গা প্রদানকারী ব্যক্তির সাথে দ্রুত এমওউ সম্পন্ন করে সদর দপ্তরে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচীর আওতায় ২০১৬-১৭ অর্থবছরে যে সকল প্রচার ও প্রকাশনা মূলক কার্যক্রম গ্রহন করা হবে তার উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। আলুর ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ্য পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগানের জন্য এবং উক্ত প্রদশর্নী বোর্ড এর খসড়া সদর দপ্তরে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আলুর ঘর ব্যবহারের একটি পূর্ণাঙ্গ নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন করে ৩১/০৮/২০১৬ইং তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া পূর্বের প্রেরিত ছক মোতাবেক কৃষক বিপণন দল গঠন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচীর জন্য গঠিত মনিটরিং টীম

কর্মসূচী এলাকা পরিদর্শন পূর্বক কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে পেশ করতে হবে। আগামী দিনে যে টিওটি প্রশিক্ষন প্রদান করা হবে উক্ত প্রশিক্ষণে স্থানীয় দোকানদারদের অংশ গ্রহন নিশ্চিত করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | নির্বাচিত ১০ টি উপ-জেলার যেসকল জমিতে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে উক্ত জায়গার মালিকদের সাথে এমওইউ কার্যক্রম সম্পন্ন করে দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.২ | ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৩ | কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৪ | যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ্য পূর্বক একটি প্রদর্শনী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৫ | আলুর ঘর ব্যবহারের নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন পূর্বক আগষ্ট,২০১৬ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৬ | কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন বাধ্যতামূলকভাবে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে পেশ করতে হবে। | আহ্বায়ক, কর্মসূচী মনিটরিং টীম |
| ৩.৭.৭ | কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিনীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৫-১৬ অর্থবছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বুঝে নেয়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থ বছরের সকল টেন্ডার বিজ্ঞপ্তি ৩০ আগষ্ট, ২০১৬ মাসের মধ্যে আহ্বান করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। ২০১৬-১৭ অর্থবছরের প্রকল্পের নির্মাণ কাজের সময় গণপূর্ত অধিদপ্তর কে নির্মাণ কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে করার জন্য অনুরোধ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বুঝে নেয়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.২: | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে র্নিমাণ কাজের সময় গণ পূর্ত অধিদপ্তর কে টেন্ডার কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.৩ | সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.৪ | ২০১৬-১৭ অর্থ বছরের সকল টেন্ডার বিজ্ঞপ্তি ৩০ আগষ্ট, ২০১৬ মাসের মধ্যে আহ্বান করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।
সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা, পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগন সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য প্রকল্প/কর্মসূচীর আওতায় গঠিত কৃষক বিপণন দল এর সম্পূর্ণ তথ্য এখনও পাওয়া যায়নি। সভাপতি যে সকল প্রকল্প/কর্মসূচী হতে এখনও তথ্য পাওয়া যায়নি তাদেরকে আগামী ১৫ দিনের মধ্যে তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে লিংক করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প সমূহে প্রকল্প সম্পর্কিত ছবি সোসাল মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া গত এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী অর্থবছর (২০১৬-১৭) হতে প্রতিটি প্রকল্পের সিপিএম মেথডে প্রণয়ন করার নিমিত্ত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সচেষ্ট হতে হবে। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি মতামত তৈরী করার জন্য উপ-পরিচালকদেরকে নির্দেশনা দেন। অধিদপ্তরের মেকানিকদের কে উক্ত স্থাপণার সাথে সংযুক্ত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এখন থেকে জন গুরুত্বপূর্ণ সকল পত্র ইন্টারনেটে প্রকাশের জন্য আইসিটি শাখায় কপি দিতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক বিপণন দল গঠণ করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে । | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |
| ৪.২ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

| | | |
|---|---|---|
| ৪.৩ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে আগষ্ট/১৬-এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৪ | এছাড়া গত এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৬-১৭ অর্থবছর হতে প্রতিটি প্রকল্পের কর্ম পরিকল্পনা সিপিএম মেথডে প্রণয়ন করতে হবে। | সকল প্রকল্প/ কর্মসূচী পরিচালক |
| ৪.৫ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।